দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 11 APR 1989
পৃষ্ঠা ৫ কলাম ১

65

## সমস্যায় জর্জরিত বগারপাড়ের দু'টি বিদ্যালয়

জামালপুর জেলার সরিষাবাড়ী উপজেলার বগারপাড় একটি বর্ধিষ্ণু গ্রাম। এখানে প্রায় তিন হাজার লোকের বাস। গ্রামটিতে একটি ডাকঘর, একটি প্রাথমিক বিদ্যালয় ও একটি নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। এই দু'টি বিদ্যালয়, বিভিন্ন সমস্যায় জর্জরিত নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রী সংখ্যা ১৫০ ও শিক্ষকের সংখ্যা ৫। গত ১৯৬৫ সালে স্কুলটির জন্ম। জন্ম লগ্ন থেকে আজ পর্যন্ত সমস্যাগুলোর আর সমাধান হল না। ঘরের সমস্যা হল বড় সমস্যা। ঘরের ভিটি নেই, ঝাঁপ নেই, দরজা জানালা নেই। যা আছে তাতে ছাত্র-ছাত্রীদের দাড়িয়ে ক্লাস করতে হয়। গত বন্যায় স্কুলের সবচেয়ে বেশী ক্ষতি হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের সকল ছাত্র ছাত্রীকে মাদুর বিছিয়ে পড়তে হয়। এইভাবে গড়ে ওঠা ছাত্র ছাত্রী কোনদিন ভাল ভবিষ্যতের আশা করতে পারে না। সার্বজনীন শিক্ষার প্রসারের জন্য সরকার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তাই পল্লীবাসী দরিদ্রের সন্তানেরা যাতে সুষ্ঠু শিক্ষা লাভ করতে পারে সে দিক বিবেচনা করে উক্ত স্কুল দু'টি মেরামত করার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

সুলতান ও সুজা,
উপজেলা সরিষাবাড়ী,
জেলা : জামালপুর।

## গফরগাঁও কলেজে ৮৮ সালের ডিগ্রী পরীক্ষা প্রসঙ্গে

ময়মনসিংহ জেলার অন্তর্গত গফরগাঁও সরকারী কলেজটি একটি ঐতিহ্যবাহী কলেজ। উক্ত কলেজটি মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক সরকারীকরণ করা হয়েছে। এই কলেজের ছাত্র-ছাত্রীরা অত্যন্ত সাফল্যের সাথে প্রতি বৎসর কৃতিত্বের স্বাক্ষর রাখে। কিন্তু বিগত ১৯৮৮ সালে অনুষ্ঠিত ডিগ্রী পরীক্ষা ও সেণ্টার নকলের অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯ ধারা মোতাবেক বাতিল করা হয়েছে। উল্লেখ্য, অত্র কলেজ হতে প্রায় ১৮০০ ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ গ্রহণ করে এবং তাদের মধ্যে ১৫-১২-৮৯ইং তারিখে ৬৫ ছাত্রছাত্রী পরীক্ষা শেষ করেছিল। কিন্তু পরীক্ষা নিয়ন্ত্রক ও প্রোক্টর মহোদয় ১৯-১২-৮৮ তারিখে সেন্টার পরিদর্শনে আসেন। তাদের অভিযোগে ভাল ভাল ছাত্রছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যৎ নষ্ট করে দেয়া হয়েছে। যে ছাত্রছাত্রীটি বাল্যকাল থেকে মেধাবী নামে পরিচিত ছিল সে হয়ত এই অবিচারের শিকার হয়ে চিরদিনের মত লেখাপড়া পরিত্যাগ করবে। এখানকার অধিকাংশ অভিভাবক আর্থিক দিক দিয়ে অস্বচ্ছল। সেমতে আমরা বিশ্বাস করি সমস্ত ব্যাপারটি উর্ধতন কর্তৃপক্ষ একটা সুষ্ঠু তদন্তের মাধ্যমে দ্রুত সমাধান করবেন। ছাত্র ছাত্রীদের মনে যেন এই প্রশ্ন না জাগে—বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে।

গফরগাঁও সরকারী কলেজের
ছাত্রছাত্রীবৃন্দ।